ISO 9001:2015 CERTIFIED

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
মাধবদী, নরসিংদী
pbs1.narsingdi.gov.bd
মানব সম্পদ বিভাগ
narsingdipbs1@yahoo.com
ফোনঃ ০২-৯৪৪৬৫০৮ ; ফ্যাক্সঃ ০২-৯৪৪৬৮৭৩

নম্বর: ২৭.১২.৬৮৬০.৫৩৩.০২.০০৮.১৯.৫৭২

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

“ পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি”

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ **“মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)”** পদে লোকবল নিয়োগের প্যানেল তৈরীর লক্ষ্যে প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)-গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ।

পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	অভিজ্ঞতা	অন্যান্য যোগ্যতা	
মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি	প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (০৫/১০/২০২০ খ্রিঃ তারিখে)	আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/ ০৬ (ছয়)/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।	(ক)	প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
				(খ)	প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।
				(গ)	প্রার্থীর পার্টিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।
				(ঘ)	নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই)টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নাবয়ন করা যাবে।

শর্তাবলীঃ

০১।	**<u>আবেদনপত্র পুরণ ও জমাদানঃ</u>** নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (narsingdipbs1.org) হতে আবেদন ফরম ডাউনলোডপূর্বক স্বহস্তে পূরণ করে **আগামী ০৫/১০/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে "সিনিয়র জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, মাধবদী, নরসিংদী"** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। **সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। উল্লেখ্য যে, স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৩৩.০২.০০৮.১৯-৫৩১, তাং-২৬/০৮/২০২০ খ্রিঃ মোতাবেক ইতিপূর্বে জারীকৃত "নিয়োগ বিজ্ঞপ্তি" এর বিপরীতে আবেদনকৃত প্রার্থীগণ এর পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।**
০২।	**<u>আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ</u>** (ক) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি; (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত কপি; (গ) অন-লাইন জন্ম সনদ/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি; (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব হালনাগাদ সনদপত্র। (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/ পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
০৩।	**<u>অন্যান্য শর্তাবলীঃ</u>**
(ক)	নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পবিসের অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
(খ)	অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ থাকতে হবে।
(গ)	জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ- ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।
(ঘ)	যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(ঙ)	অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সর্ম্পকীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রী-গণের রক্তসর্ম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না।
(চ)	চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(ছ)	দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।
(জ)	প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল প্রদান করলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
(ঝ)	চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে; যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না।
(ঞ)	চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।
(ট)	যে সকল প্রার্থীর স্থায়ী ঠিকানা নরসিংদী জেলায় সে সকল প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।
(ঠ)	নিয়োগের ক্ষেত্রে বেশী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
(ড)	অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬-৯-২০২০
মোঃ মিজানুর রহমান
সিনিয়র জেনারেল ম্যানেজার

নম্বর: ২৭.১২.৬৮৬০.৫৩৩.০২.০০৮.১৯.৫৭২/১(৯৭)

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (সকল পবিস)
৫) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
৬) ডিজিএম, মাধবদী জোনাল অফিস, নরসিংদী পবিস-১।
৭) ডিজিএম, ঘোড়াশাল জোনাল অফিস, নরসিংদী পবিস-১।
৮) এজিএম (ওএন্ডএম), তালতলী সাব জোনাল অফিস, নরসিংদী পবিস-১।
৯) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
১০) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
১১) এজিএম (অর্থ-হিসাব) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ (হিসাব) বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
১২) এজিএম (পিএন্ডএম) (অতিরিক্ত দায়িত্ব), পিএন্ডএম বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
১৩) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
১৪) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
১৫) জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১- অত্র পবিসের ওয়েব সাইটে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৬) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১-অত্র পবিসের ওয়েব সাইটে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৭) নোটিশ বোর্ড, ওয়েব সাইট (pbs1.narsingdi.gov.bd অথবা reb.gov.bd), নরসিংদী পবিস-১।
১৮) অফিস কপি, মাস্টার কপি।

১৬-৯-২০২০
মোঃ মিজানুর রহমান
সিনিয়র জেনারেল ম্যানেজার